

সভার তারিখঃ ০৯/০২/২০২২ খ্রিঃ তারিখ, রোজ- বুধবার

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট

**উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- "ক"**

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার সমাজকল্যাণ কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরনের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন ধরনের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি
২। সমাজসেবা দফতরের নতুন বরাদ্দপ্রাপ্ত ক্ষুদ্রঋণের টাকা বিনিয়োগ সংক্রান্ত আলোচনাঃ কমিটির সদস্য সচিব আরও জানান যে, ১৯৭৪ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাজসেবা অধিদফতরের মাধ্যমে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম চালু করেন। এই কার্যক্রম পল্লী সমাজসেবা কার্যক্রম (আর এস এস) নামে পরিচিত। ১৯৭৪ সাল থেকে অদ্যাবধি সমাজসেবা অধিদফতর অত্যন্ত স্বার্থকতার সাথে এই কার্যক্রম পরিচালনা করে আসছে। সারা দেশের ন্যায় ফকিরহাট উপজেলায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান আছে। এই উপজেলায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে সরকারের বর্তমান বিনিয়োগের পরিমাণ প্রায় ১ কোটি ১৮ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে ক্ষুদ্রঋণ খাতে মোংলা উপজেলায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পাওয়া গেছে। নীতিমালা অনুযায়ী উক্ত টাকা বিনিয়োগ করা প্রয়োজন। সদস্য সচিব উক্ত টাকা বিনিয়োগ করার জন্য কোন গ্রামকে নির্ধারণ করা যায় সেই বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	২। উপস্থিত সদস্যরা এই বিষয়ে তাঁদের মতামত প্রদান করেন। দীর্ঘ আলোচনা শেষে পৌরসভার আরাঙ্গী মাকড়ডোন ও মিঠাখালী ইউনিয়ন এর মৌখালী গ্রাম এ উক্ত টাকা বিনিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয় এবং সমাজসেবা অধিদফতরের নীতিমালা অনুযায়ী উক্ত গ্রামে জরিপ কার্য পরিচালনাপূর্বক দরিদ্র পরিবার বাছাই করে টাকা বিনিয়োগের সুপারিশ করা হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

  
০৯.০২.২২

(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০৩৯.১৮.১৮


তারিখঃ ০৯/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।

  
০৯-০২-২২

(এস এম মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি